# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব :sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মৌসুমী মান্নান
প্রশাসক, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

তারিখ : ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

<u>উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')</u>

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর ১ম কিস্তির বরাদ্দ এখনও পাওয়া যায়নি। তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে ও সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প তালিকা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর ১০টি খাত খাতওয়ারী বিভাজন করে দাখিল করার জন্য অনুরোধ জানান। তাছাড়া প্রশাসক, সুনামগঞ্জ পৌরসভা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং সুনাম/পৌর/প্রকৌ:/পূর্ত/২০২৪/৭৭৪ তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২৪ মূলে মল্লিকপুর সার গুদামের রাস্তাটি ID ভুক্তির জন্য একটি পত্র পাওয়া যায়। উল্লেখ্য যে মল্লিকপুর সার গুদামের রাস্তাটি ID ভুক্ত না হওয়ায় পৌরসভা কর্তৃক কোন ধরনের উন্নয়ন কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি উক্ত রাস্তাটি নতুন Road Inventory তে ID ভুক্ত রাস্তা হিসাবে গণ্যকরার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ বরাবর প্রস্তাব প্রেরণ করার জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর খাতওয়ারী বিভাজন করে প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হয়। তাছাড়া মল্লিকপুর সার গুদামের নিজস্ব রাস্তাটি নতুন Road Inventory তে ID ভুক্ত রাস্তা হিসাবে গণ্যকরার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর ও সংশ্লিষ্ট সকল। |
| ২. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় চলতি আমন মৌসুমে ১১৭৯৩ হেক্টর আমন আবাদ লক্ষ্যমাত্রার বিপরীতে ১১৭৯৯ হেক্টর আমন আবাদ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। আগামী রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ৭৭০ জন কৃষকের মাঝে সরিষা, | আলোচনান্তে রাসায়নিক সার যাতে সীমান্ত দিয়ে পাচার হতে না পারে সে দিকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে সজাগ দৃষ্টি | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | গম, ভুট্টা, চিনাবাদাম, সূর্যমুখী, পেয়াজ ও মুগ ডালের বীজ এবং রাসায়নিক সার বিতরনের বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে তালিকা তৈরীর কাজ চলমান রয়েছে। এছাড়া ভর্তুকি মূল্যে বিক্রীত রাসায়নিক সার যাতে সীমান্ত দিয়ে পাচার হতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সহযোগীতা করার অনুরোধ জানান। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | রাখার অনুরোধ জানানো হয়। | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান কমিউনিটি ক্লিনিকগুলোতে CHCP দের মাধ্যমে সপ্তাহে ০৬ দিন সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া EPI কার্যক্রম, TB Control প্রোগ্রাম, Leprosy Control প্রোগ্রাম এবং Malaria Control প্রোগ্রাম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর প্রায়শই সভায় অনুপস্থিত থাকেন এবং উপজেলা পরিষদকে বিষয়টি অবগত করেন না। উনার অনুপস্থিতিতে স্বাস্থ্য সেবা সংক্রান্ত গুরুত্বপূর্ণ আলোচনা করা সম্ভবপর হয় না। উক্ত বিষয়টি উদ্বর্তন কর্তৃপক্ষকে অবগত করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর এর কর্তৃপক্ষের অনুমতি ছাড়া নিয়মিত সভায় অনুপস্থিত থাকার বিষয়টি উদ্বর্তন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান আগস্ট/২০২৪ পর্যন্ত সদর উপজেলায় মোট নিবন্ধিত সক্ষম দম্পতি ৪৪,৯১৫ জন। তন্মধ্যে বিভিন্ন পদ্ধতি গ্রহণ করারীর সংখ্যা ৩৩৩৪১ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৪.২৩%। মোট নিবন্ধিত গর্ভবর্তীর সংখ্যা ২৫৪৫ জন। মাঠ পর্যায়ে ৪টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র স্বাভাবিক প্রসব সেবা চালু রয়েছে। তাছাড়া গৌরারং ও জাহাঙ্গীরনগর ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের বিষয়ে চেয়ারম্যানবৃন্দকে সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। এছাড়া পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে গৌরারং ও জাহাঙ্গীরনগর ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করার জন্য চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে বিদ্যালয়সমূহে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন চলতেছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার পরিপ্রেক্ষিতে উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি বাতিল করে | আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয় সমূহে নিয়মিত মনিটরিং বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা শিক্ষা অফিসের সামনের সংযোগ রাস্তাটি | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | এডহক কমিটি গঠন করা হয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা শিক্ষা অফিসের সামনের সংযোগ রাস্তাটি ভেঙ্গে গেছে। উক্ত রাস্তাটি মেরামত করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মেরামত করার নিমিত্ত একটি প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে মেরামত কাজ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | |
| ৬. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর সভায় জানান বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় ৫০০টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ এবং ৫০টি হস্ত চালিত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত নলকূপগুলোর স্থাপনের স্থানের তালিকা বিধি মোতাবেক দ্রুত প্রণয়নের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তাছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০৮টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ স্থাপনের স্থানের তালিকা প্রণয়নের বিধিমালা এখনও পাওয়া যায়নি, বিধায় উক্ত নলকূপ স্থপনের কার্যক্রম স্থগিত রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে নলকূপ স্থাপনের স্থানের তালিকা বিধি মোতাবেক দ্রুত দাখিল করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর ও চেয়ারম্যান(সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর সভায় জানান মল্লিকপুর এলএসডির ধারন ক্ষমতা ৮০০০ মে.টন। বর্তমানে অত্র এলএসডিতে ৬৯৬৯ মে.টন সিদ্ধ চাল, ২৩৩৯ মে.টন আতপ চাল এবং ৯২৭ মে.টন গম মজুদ আছে। মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বোরো সংগ্রহ/২০২৪ মৌসুম ৩১/০৮/২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। সিদ্ধ চালের লক্ষমাত্রা ছিল ৮৬৫২ মে.টন এবং আতপ চালের লক্ষ্যমাত্রা ছিল ২৪৯১ মে.টন। যা শতভাগ অর্জন করা সম্ভব হয়েছে। ধান সংগ্রহের লক্ষমাত্রা ছিল ১৯৭৫ মে.টন যার মধ্যে ১১২০ মে.টন সংগ্রহ করা হয়েছে। সেপ্টেম্বর-নভেম্বর প্রান্তিকে খাদ্য বান্ধব কর্মসুচীর আওতায় প্রতি মাসে ৩০ কেজি করে ১৫/- টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত এ কার্যক্রম তদারকি করা হচ্ছে। কোথাও কোন অনিয়ম বা অভিযোগ পাওয়া যায় নাই। এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান (১৫২+২)=১৫৪টি সমবায় সমিতির মধ্যে ৪০টি সমবায় সমিতির অডিট সম্পন্ন করা হয়েছে, অবশিষ্ট সমিতিগুলোর অডিট চলমান রয়েছে এবং ০৩টি সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। বর্তমান মাসে ০৩ জন প্রশিক্ষণার্থী কুমিল্লায় প্রশিক্ষণে রয়েছেন। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য দাপ্তরিক | আলোচনান্তে অবশিষ্ট সমিতিগুলোর অডিট এবং নির্বাচন দ্রুত শেষ করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় রোগে আক্রান্ত রোগীদের আবেদন ডাক্তারী পরীক্ষা নিরীক্ষা করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় রোগে আক্রান্ত রোগীদের আবেদন ডাক্তারী পরীক্ষা নিরীক্ষা করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর দ্রুত প্রেরণ করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের চলতি মাসে ঋণ বিতরণ হয়েছে ৭০,৫০,০০০/-(সত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ঋণ আদায় হয়েছে ৬৫,৪৫,০০০/-(পঁয়ষট্টি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ২,২০,০০০/-(দুই লক্ষ বিশ হাজার) টাকা। এছাড়া পল্লী সঞ্চয় ব্যাংক এর অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক ঋণ বিতরণের প্রতিবেদন আগামী সভায় অবহিতকরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সম্প্রতি অর্থনৈতিক শুমারী/২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে এবং এর অংশ হিসাবে এরই মধ্যে উপজেলার সকল অর্থনৈতিক কর্মকান্ড সম্পন্ন হয়েছে। সকল খানা ও প্রতিষ্ঠান তালিকাভুক্ত করা হয়েছে। উপজেলাকে ০৫টি জোনে ভাগ করে বর্তমানে ২য় জোনাল অপারেশন (ম্যাপিং) এর কাজ চলমান আছে। এছাড়া পরিসংখ্যান বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১২. | ক) চেয়ারম্যান, লক্ষণশ্রী ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান লক্ষণশ্রী ইউনিয়নের তাজপুর গ্রামের রাস্তাটি একটি জনগুরুত্বপূর্ণ রাস্তা। তিনি উক্ত রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান।<br>খ) চেয়ারম্যান, মোহনপুর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান ইসলামগঞ্জ থেকে জয়নগর বাজার পর্যন্ত রাস্তাটি একটি জনগুরুত্বপূর্ণ রাস্তা। তিনি উক্ত রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, কাঠইর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান কাঠইর-জয়নগর বাজার পর্যন্ত রাস্তার কাজ নিম্নমানের হয়েছে।<br>ঘ) চেয়ারম্যান, রঙ্গারচর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান আদার বাজার আশ্রয়ন প্রকল্পের অনেক ঘরে উপকারভোগী ঘরে থাকেন না। হঠাৎ পরিদর্শনে | আলোচনান্তে লক্ষণশ্রী ইউ/পির তাজপুর গ্রামের রাস্তাটি, ইসলামগঞ্জ থেকে জয়নগর বাজার পর্যন্ত রাস্তাটি ও মোল্লাপাড়া ইউ/পির সুনামগঞ্জ-বীটগঞ্জ মেইন রাস্তা হতে আলহাজ্ব জমসেদ আছিয়া কলেজ পর্যন্ত রাস্তা নির্মাণ এবং ভবানীপুর জামে মসজিদ পর্যন্ত রাস্তা নির্মাণের প্রস্তাব চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট ইউ/পির চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া কাঠইর- | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | গেলে অনেক ঘর তালা বন্ধ পাওয়া যায়। এমতাবস্থায় যে সকল উপকারভোগী ঘরে থাকেন না তাদের বিষয়ে সুষ্ঠু তদন্ত পূর্বক বাতিল করে নতুন বন্দোবস্ত প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান।<br>ঙ) চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ-বীটগঞ্জ মেইন রাস্তা হতে আলহাজ্ব জমসেদ আছিয়া কলেজ পর্যন্ত রাস্তা নির্মাণ এবং ভবানীপুরজামে মসজিদের রাস্তাটিও নির্মাণ করা প্রয়োজন।<br>উপরোক্ত বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান লক্ষণশ্রী ইউ/পির জনগুরুত্বপূর্ণ রাস্তা, মোহনপুর ইউ/পির জনগুরুত্বপূর্ণ রাস্তা সরেজমিন পরিদর্শন পূর্বক মেরামত করার প্রস্তাব প্রেরণ করা হবে এবং মোল্লাপাড়া ইউ/পির জনগুরুত্বপূর্ণ ২টি রাস্তা নির্মাণের প্রস্তাব প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউ/পি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। এছাড়া তিনি আরও জানান কাঠইর-জয়নগর বাজার পর্যন্ত রাস্তাটি বিগত বন্যা ও অতি বৃষ্টিতে ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ স্থানে দ্রুত নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে মেরামত কাজ সম্পন্ন করা হবে। | জয়নগর বাজার পর্যন্ত জনগুরুত্বপূর্ণ রাস্তাটি নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে দ্রুত মেরামত কাজ সম্পন্ন করা জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া আদার বাজার আশ্রয়ন প্রকল্পের ঘরে যে সকল উপকারভোগী ঘরে থাকেন না তাদের বিষয়ে সুষ্ঠু তদন্ত পূর্বক বরাদ্দ বাতিল করে নতুন বন্দোবস্ত প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | |
| ১৩. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের প্রাক্কলন পুনরায় স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণের বরাদ্দ প্রাপ্তির বিষয়ে স্থানীয় সরকার বিভাগে যোগাযোগ রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদ সংলগ্ন আলোলিকা পার্কটি জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদনক্রমে বন্দোবস্ত প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনের স্থানসহ পরিষদের উত্তর-পূর্ব কোনা বরাবর ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ দায়ের আছে এবং মামলাটি বর্তমানে বিচারাধীন অবস্থায় রয়েছে। উক্ত মামলাটি মামলাটি সঠিকভাবে পরিচালনা করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের সংশোধিত বাজেট প্রাপ্তির বিষয়ে স্থানীয় সরকার বিভাগে যোগাযোগ রাখার জন্য এবং উপজেলা পরিষদের আলোলিকা পার্কটি বন্দোবস্ত প্রদানের নিমিত্ত জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। এছাড়া উপজেলা পরিষদের ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ মামলাটি সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সেপ্টেম্বর/২০২৪ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৯৪০/- (উনত্রিশ হাজার নয়শত চল্লিশ) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৭০/- (চার হাজার নয়শত সত্তর) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ২,০০০/- | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>প্রশাসক |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | (দুই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল পাওয়ার আবেদন পাওয়া যায়। | | উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/৯/২৪

মৌসুমী মান্নান
প্রশাসক
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ও
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০২২-৯৯৬৬০০০৭২
ই-মেইল : unosunamganjsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৪৪২(৫০)

তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ........................................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৮। জনাব/বেগম ............................................... সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ্জ।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

১৯/৯/২৪

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner